



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)

(An Enterprise of Bangladesh Power Development Board)

স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.১১৭.২৩-২৫৯৭

তারিখ-১৫/১০/২০২৩ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এ কোম্পানির প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে নিয়ে বর্ণিত পদে শিক্ষানবিস হিসেবে কোম্পানি আইন অনুসরণে কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে ওয়েবসাইটে বর্ণিত নির্ধারিত ফরম-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম ও বেতন স্কেল (ওজোপাডিকো'র বেতন কাঠামো -২০১৬ অনুযায়ী)	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪
১।	সুইচ বোর্ড এটেনডেন্ট (এসবিএ) শিক্ষানবিস বেতন স্কেল-২৩,০০০/-	১০০	ক) এইচ এস সি (বিজ্ঞান) খ) শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। গ্রেডিং সিস্টেমে উত্তীর্ণদের ক্ষেত্রে জিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ২.৮১৩ এবং ৪.০ স্কেলে ২.২৫ থাকতে হবে।

শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩১/১০/২০২৩ তারিখের মধ্যে শুধু ওজোপাডিকো'র ওয়েবসাইট (www.wzpdcl.gov.bd) অথবা jobs.wzpdcl.gov.bd -এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে। Online Application Form -এর নির্দিষ্ট স্থানে প্রার্থীর স্বাক্ষর ও ছবি স্ক্যান করে বসাতে হবে।
- দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Application Serial Number টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- আবেদনকারীর পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক লিঃ-এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ- এর অনুকূলে ৫০০/- (পাঁচ শত) টাকা (অফেরৎ যোগ্য) পাঠাতে হবে। টাকা পাঠানোর নিয়মাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে।
- লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। আহ্বানকৃত দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের সময় তা স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- সুইচ বোর্ড এটেনডেন্ট (এসবিএ) শিক্ষানবিস হিসেবে এক (১) বছর প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- কেবল প্রশিক্ষণ মূল্যায়ণে উত্তীর্ণ শিক্ষানবিসগণ তাদের সন্তোষজনক পুলিশ প্রতিবেদন পাওয়া সাপেক্ষে পরবর্তীতে প্রবেশনে নিয়োগের জন্য বিবেচিত হবেন।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে শিক্ষানবিস হিসেবে প্রতি মাসে সর্বসাকুল্যে ২৩০০০/- টাকা প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।
- ৬ মাসের প্রশিক্ষণ শেষে প্রাপ্য প্রশিক্ষণ ভাতার অর্ধেক উৎসব বোনাস প্রাপ্য হবেন।
- বর্ণিত পদের ক্ষেত্রে বয়স ৩১/১০/২০২৩ তারিখে ১৮ হতে ৩০ বছর। প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য উর্ধ্ব বয়স ৩২ বছর।
- চাকুরীতে নিয়োগ বিষয়ে সরকার কর্তৃক কোটা সংক্রান্ত সর্বশেষ আদেশ প্রযোজ্য হবে।
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রশিক্ষণে থাকাকালীন কোম্পানির আওতাধীন যে কোন দপ্তরে সংযুক্ত রেখে বাস্তব প্রশিক্ষণ দেয়া হবে। নিয়োগকৃত কর্মচারীকে ওজোপাডিকো'র আওতাধীন যে কোন দপ্তরে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র এবং এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগের বিষয়ে যে কোন ধরনের তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- এই বিজ্ঞপ্তিটি www.wzpdcl.gov.bd ওয়েব সাইট-এ পাওয়া যাবে।

নির্দেশক্রমে

২০/১০/২০২৩
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকো, খুলনা।